

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 05.11.2024

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর –

- ১) রাজ্য বিধানসভার অধিবেশন আগামী ২৫শে নভেম্বর থেকে বসতে চলেছে।
- ২) ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধন কর্মসূচী শুরুর আগে আগামী ১১-ই নভেম্বর সর্বদল বৈঠকের ডাক দিয়েছেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক।
- ৩) RG Kar হাসপাতালে তরঙ্গী পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও খুনের স্বতঃপ্রগোদ্ধিত মামলার শুনানি আজ স্থগিত হয়ে গেছে। আগামীকাল সকালে আদালত বসলে প্রথমেই এই মামলার শুনানি হতে পারে।
- ৪) প্রতিরক্ষা মন্ত্রকের অধীন নির্মাণ সংস্থা গার্ডেন রিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স- এর অধীনে দুটি নতুন যুদ্ধ জাহাজ তৈরির কাজের আজ সূচনা করেছেন রাজ্যপাল।
প্রতিরক্ষা সরঞ্জামের বিশেষ প্রদর্শনী ইস্ট টেক ২০২৪ আজ থেকে কলকাতায় শুরু হয়েছে।
- ৫) ছট পুঁজো উপলক্ষে আজ দু-জোড়া বিশেষ ট্রেন চালাচ্ছে পূর্ব রেল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য বিধানসভার অধিবেশন আগামী ২৫শে নভেম্বর থেকে বসতে চলেছে। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় আজ বিধানসভায় সাংবাদিকদের বলেন, এই বিষয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সম্মতি মেলার পরেই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এবারের অধিবেশনে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ে রয়েছে।

(বাইট – বিমান বন্দ্যোপাধ্যায়)

কার্য উপদেষ্টা কমিটির বৈঠকে আলোচনা করে কার্যসূচী পরে জানানো হবে বলে অধ্যক্ষ জানিয়েছেন।

এইবারের অধিবেশন দশ এগারো দিন চলতে পারে। অপরাজিতা বিল এখনও রাষ্ট্রপতির অনুমোদন না মেলায় তিনি হতাশা প্রকাশ করেন।

এইদিকে আগামী ১৩ই নভেম্বর ৬ বিধানসভা আসনে উপনির্বাচনের পরে ২৩শে নভেম্বর ভোট গননা শেষে নতুন বিধায়করা এইবারের অধিবেশনেই শপথ নেবেন বলে মনে করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় নিরাপত্তাবাহিনী নিয়ে দুই বিজেপি বিধায়ক বিধানসভা ভবনে প্রবেশের চেষ্টা করলে আজ উত্তেজনার সৃষ্টি হয়। বিজেপি পরিষদীয় দলের সদস্য মুখ্য সচেতক শঙ্কর ঘোষ ও অশোক দিন্দা বিকালে গাড়িতে দুই সি আর পি এফ জওয়ানকে নিয়ে বিধানসভা ভবনে প্রবেশের সময় নিরাপত্তারক্ষীরা তাদের আটকে দেয়। এরপরেই শুরু হয় দুই পক্ষের মধ্যে বচসা। খবর পেয়ে

পরিস্থিতি সামলাতে সেখানে পৌঁছায় মার্শাল। এই নিয়ে অধ্যক্ষর যে নির্দেশ রয়েছে দুই বিধায়ককে তার লিখিত প্রতিলিপি দেখান। এরপরেই পরিস্থিতি ধীরে ধীরে স্বাভাবিক হয়। কেন্দ্রীয় জওয়ানরা গাড়ি থেকে নেমে বাইরে বেরিয়ে যান।

00000000000000000000000000000000

রাজ্য আগামী ১২ নভেম্বর থেকে শুরু হবে ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধন কর্মসূচি। ভোটার তালিকা সংশোধন ও পরিমার্জনের লক্ষ্য নির্বাচন কমিশন একমাস ব্যাপী এই বিশেষ অভিযানে নামছে।

তার আগে আগামী ১১-ই নভেম্বর সর্বদল বৈঠকের ডাক দিয়েছেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব। বৈঠকে স্বীকৃত রাজনৈতিক দলগুলির কাছ থেকে এবিষয়ে মতামত নিয়ে তারপরেই সংশোধনের কাজ শুরু হবে। মুখ্য নির্বাচনী আধিকারিক জানিয়েছেন ভোটার তালিকায় নাম তোলা ও সংশোধনের জন্য অনলাইনেও আবেদন জানানো যাবে।

বাইট – আরিজ আফতাব

এদিকে, আসন্ন উপ-নির্বাচনের জন্য রাজ্যের ৬-টি বিধানসভা কেন্দ্রে জমে উঠেছে প্রচার। মাদারিহাটের ভোট প্রচারে আজ বিজেপি প্রার্থীর সমর্থনে পথে নামেন দলের প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ। এক রোডশো-এ অংশ নেন তিনি। জেলা বিজেপি সভাপতি সাংসদ মনোজ টিণ্ডা প্রচারে যোগ দেন।

উল্লেখ্য, আগামী ১৩-ই নভেম্বর রাজ্যের ৬-টি বিধানসভা আসনের উপ-নির্বাচন।

00000000000000000000000000000000

RG Kar হাসপাতালে তরুণী পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও খুনের স্বতঃপ্রগেদিত মামলার শুনানি আজ স্থগিত হয়ে গেছে। প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের বেঁকে বেলা ৩'টে নাগাদ এই মামলার শুনানি ছিল, কিন্তু সুপ্রিম কোর্টের লোগো উদ্বোধন নিয়ে তাঁর রাষ্ট্রপতি ভবন যাওয়ার কর্মসূচী থাকায় শুনানি পিছিয়ে দেওয়া হয়। আগামীকাল সকালে আদালত বসলে প্রথমেই এই মামলার শুনানি হবে বলে জানা গেছে।

এদিকে, রাজ্যের মেডিকেল কলেজগুলির নিরাপত্তা পরিকাঠামো সংক্রান্ত কাজ কর দূর এগিয়েছে তা নিয়ে আজ সুপ্রিম কোর্টে রিপোর্ট পেশ করে রাজ্য। একই সঙ্গে সিভিক ভলান্টিয়ার সংক্রান্ত হলফ নামাও রাজ্যের তরফে জমা দেওয়া হয়।

উল্লেখ্য, গত শুনানিতে রাজ্যের কাছে সিভিক ভলান্টিয়ার কারা নিয়োগ করেন, বা কোন পদ্ধতিতে এই নিয়োগ হয়, সে প্রশ্ন তোলেন প্রধান বিচারপতি। আজ রাজ্যের তরফে জানানো হয়েছে, নির্দিষ্ট কমিটি গঠন করে সিভিক নিয়োগ করা হয়ে থাকে। কমিশনারেট এলাকায় পুলিশ কমিশনার এবং জেলাস্তরে পুলিশ সুপাররা কমিটির প্রধান হিসেবে কাজ চালান। রাজ্যস্তরে অ্যাপেক্ষ কমিটি বিষয়টির দেখভাল করে বলে আজ শীর্ষ আদালতে জানানো হয়। আগামীকাল এই মামলার শুনানিতে আদালত কি মত প্রকাশ করে, সেদিকে নজর রয়েছে সকলের। মামলার তদন্তকারী সিবিআইও এপর্যন্ত তদন্তের অগ্রগতি নিয়ে শীর্ষ আদালতে রিপোর্ট জমা দেবে।

উল্লেখ্য, আগামী ১০ ই নভেম্বর প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় অবসর নেবেন। শুরুবারই তাঁর শীর্ষ আদালতে কাজের শেষ দিন।

এদিকে, শুনানি পিছিয়ে যাওয়ায় হতাশ জুনিয়ার চিকিৎসকরা। আগামীকাল'ও যাতে শুনানি পিছিয়ে না যায়, সেইদিকেই তাকিয়ে রয়েছেন তাঁরা।

00000000000000000000000000000000

রাজ্যের বিভিন্ন এলাকা থেকে নারী নির্যাতনের একের পর এক খবর আসছে। বীরভূমের দুবরাজপুরে টিউশন পড়ে বাড়ি ফেরার পথে নাবালিকাকে মুখে কাপড় বেঁধে গণধর্ষণের চেষ্টার অভিযোগে পিন্টু সাহা ও চাঁদ দে নামে দু-জনের বিরুদ্ধে পুলিশ তল্লাশি শুরু করেছে। গত সোমবার ওই নাবালিকাকে নির্যাতন করা হয় বলে জানা গেছে।

এদিকে, তারাপীঠ মন্দিরের এক পুরোহিতের স্তৰী-কে গণধর্ষণের অভিযোগে চাঞ্চল্য ছড়িয়েছে। এই ঘটনায় পুলিশ তিনজনকে গ্রেফতার করে। তিনজনকেই আদালত ২ দিনের পুলিশ হেফাজতে পাঠিয়েছে।

oooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার নরেন্দ্রপুরের ঢালুয়ায় এক যুবতীকে গণ ধর্ষণের অভিযোগে পুলিশ ২ জনকে গ্রেফতার করেছে। জানা গেছে, পূর্ব যাদবপুর থানা এলাকার বাসিন্দা ওই তরঙ্গীর সঙ্গে সোশ্যাল মিডিয়ায় এক যুবকের পরিচয় হয়। গত পঞ্চায়া নভেম্বর কালী ঠাকুর দেখতে যাওয়ার নাম করে ঢালুয়ায় একটি বাড়িতে নিয়ে যাওয়া হয় তাকে। নির্যাতিতার অভিযোগ পানীয়ের সঙ্গে কিছু মিশিয়ে তাকে খাইয়ে দেওয়া হয়। অচেতন্য হয়ে পড়লে তাকে গণ ধর্ষণ করা হয় বলে অভিযোগ। তদন্তে নেমে পুলিশ রাজীব সর্দার এবং রাকেশ নক্ষুর নামে ২ জনকে গ্রেফতার করে। আরও দুই অভিযুক্তের সন্ধানে তল্লাশি চলছে।

oooooooooooooooooooooooooooo

প্রাথমিক নিয়োগ দুর্বীলি মামলায় আজ ফের একবার বিশেষ সিবিআই আদালতে জামিনের আবেদন করেছেন রাজের প্রাক্তন মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়। আগামী ১৩-ই নভেম্বর ওই মামলার শুনানি হতে পারে।

অন্যদিকে, তদন্তের স্বার্থে পার্থ চট্টোপাধ্যায় এবং মামলার অন্যতম অভিযুক্ত অয়ন শীলকে জেল হেফাজতে রাখার আবেদন জানায় কেন্দ্রীয় তদন্তকারী দল। দু-জনেরই জেল হেফাজতের মেয়াদ রয়েছে ১৩ তারিখ পর্যন্ত।

উল্লেখ্য, ইডি-র দায়ের করা মামলায় পার্থ চট্টোধ্যায়ের জামিনের আবেদন কলকাতা হাইকোর্টে খারিজ হয়ে যায়। এর পাশাপাশি সিবিআই-এর দায়ের করা নিয়োগ দুর্নীতি মামলাতেও তাঁর জামিন সংক্রান্ত আবেদন খারিজ করেছে ডিভিশন বেঁধ।

oooooooooooooooooooo

প্রতিরক্ষা মন্ত্রকের অধীন নির্মাণ সংস্থা গার্ডেন রিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স বা জিআরএসই-র অধীনে দুটি নতুন যুদ্ধ জাহাজ তৈরির কাজের আজ সূচনা হয়েছে। রাজ্যপাল সি ডি আনন্দ বোস, নেক্সট জেনারেশন অফসোর পেট্রল ভেসেল নামে দুটি যুদ্ধ জাহাজের নির্মাণ কাজের সূচনা করেন। ভারতীয় নৌ বাহিনীর জন্য এই সংস্থা চারটি নতুন যুদ্ধ জাহাজ নির্মাণ করছে। রাজ্যপাল বলেন, জাহাজ নির্মাণের ক্ষেত্রে ভারত আজ বিশ্বের বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানগুলির সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করে এক শক্তিশালী দেশে পরিণত হয়েছে।

(ৰাইট)

জিআরএসই-র চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর পি আর হরি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, এই যুদ্ধ জাহাজ আগে, নির্মিত জাহাজগুলির তুলনায় অনেক বড় এবং বেশি ক্ষমতা সম্পন্ন। ১১৩মিটার দীর্ঘ এবং ১৪দশমিক ৬মিটার চওড়া এক একটি জাহাজে ২৪

জন আধিকারিক এবং ১০০জনের বেশি নাবিক থাকতে পারবেন। যুদ্ধ জাহাজগুলি চোরাচালান ও পাচারের বিরুদ্ধে লড়াই করা ছাড়াও দুর্ঘটনে ভ্রান পৌঁছানো, অনুসন্ধান ও উদ্ধার অভিযান এবং অনুপ্রবেশ বিরোধী অভিযানে অংশ নেবে। পাশাপাশি নজরদারি ও ল্যান্ডমার্টন ধরণের কাজ চালাতে সক্ষম।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রতিরক্ষা সরঞ্জামের বিশেষ প্রদর্শনী ইস্ট টেক ২০২৪ আজ থেকে কলকাতায় শুরু হয়েছে। ভারতীয় সেনাবাহিনীর পূর্বাঞ্চলীয় কমান্ডের উদ্বোগে বিশ্ব বাংলা মেলা প্রাঙ্গণে এই প্রদর্শনীর উদ্বোধন করেন পূর্বাঞ্চলীয় কমান্ডের জিওসি ইন সি লেফটেন্যান্ট জেনারেল রাম চন্দ্র তেওয়ারি এবং রাজ্যের মন্ত্রী অরূপ বিশ্বাস।

জিওসি ইন সি বলেন, ভারতীয় সেনার প্রয়োজনে আধুনিক প্রযুক্তি সম্পর্ক অন্তর্ভুক্ত উপকরণ ও অন্যান্য সামগ্রী ১৪০টি প্রতিরক্ষা সরঞ্জাম নির্মাতা সংস্থা এই প্রদর্শনীতে তুলে ধরবে। প্রতিরক্ষা ক্ষেত্রে বাজেট ২০০ থেকে বৃদ্ধি করে ৪০০কোটি টাকা বরাদ্দ করার যে আবেদন জানানো হয়েছিল প্রতিরক্ষা মন্ত্রক তা অনুমোদন করেছে বলেও তিনি উল্লেখ করেন।

(বাইট)

শ্রী তেওয়ারী জানান, ড্রোনের সাহায্যে নজরদারি অনেক বেশি প্রয়োজনীয় হয়ে পড়েছে। তাই এক্ষেত্রেও বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে।

রাজ্যের মন্ত্রী অরূপ বিশ্বাস ভারতীয় সেনানীদের কুর্নিশ জানিয়ে বলেন, প্রতিরক্ষা ক্ষেত্রে বাংলার বিশেষ অবদান আছে। কাশিপুর গান অ্যান্ড শেল ফ্যাস্ট্রি দীর্ঘদিন ধরে কাজ কর চলেছে বলেও তিনি জানান।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

চার দিনব্যাপী ছটপুজোর প্রথম দিনে আজ পালিত হচ্ছে নাহায়-খায়। বিভিন্ন নদ-নদী, পুরু ও জলাশয়ে ভক্তরা পুণ্যমান করছেন। এরপর তাঁরা প্রসাদ হিসেবে গ্রহণ করবেন রাম্ভা করা আরওয়া চাল, চানা ডাল ও সঙ্গী।

আগামীকাল পালিত হবে খারনা। এরপর শুরু হবে ৩৬ ঘন্টা নির্জলা উপবাস।

বহুস্মিন্তিবার অঙ্গামী সূর্যকে প্রথম অর্ধ্য নিবেদন করা হবে।

এরপর শুক্রবার উদীয়মান সূর্যকে অর্ধ্য অর্গনের পর ব্রতের সমাপ্তি ঘটবে।

দিওয়ালি ও ছট উৎসব উপলক্ষে যাত্রী ভিড় সামাল দিতে পূর্ব রেল অতিরিক্ত দু' জোড়া ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। এক জোড়া ট্রেন হাওড়া ও Raxaul এর মধ্যে এবং আরেক জোড়া শিয়ালদা ও Gorakhpur এর মধ্যে চলাচল করবে। হাওড়া - Raxaul অসংরক্ষিত স্পেশাল ট্রেনটি হাওড়া থেকে আজ রাত পৌনে ১২-টায় ছাড়বে। এবং ফিরতি পথে Raxaul থেকে বিকেল ৪ টে ৫৫ মিনিটে হাওড়ার উদ্বেশে রওনা হবে।

অন্যদিকে, শিয়ালদা - Gorakhpur অসংরক্ষিত স্পেশাল শিয়ালদা থেকে আজ রাত ১১ টা ৫৫ মিনিটে ছাড়বে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব রেলের হাওড়া বিভাগের পক্ষ থেকে আজ হাওড়া স্টেশনে ভিজিল্যান্স আওয়ার্নেস উইক বা সতর্কতা সচেতনতা সপ্তাহ পালন করা হলো। সতর্কতা ও স্বচ্ছতার সংস্কৃতিকে উত্সাহিত করার লক্ষ্যে আয়োজন করা হয় প্রভাত ফেরির। অংশ নেন হাওড়া ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার সঞ্জীব কুমার সহ উচ্চপদস্থ আধিকারিকরা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০